


মোঃ শাহীন হাওলাদার যিনি মিডিয়া অঙ্গনে শাহীন হাওলাদার হিসেবে পরিচিত। ১৯৮৯ সালের ১৫ ফেব্রুয়ারি, ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার ঐতিহ্যবাহী হাওলাদার পরিবারে তাঁর জন্ম। বাবা আনোয়ার হোসাইন হাওলাদার একজন সফল ব্যবসায়ী এবং মা ফরিদা বেগম গৃহিণী।

সাংবাদিকতার হাতেখড়ি ছাত্রজীবন থেকেই। তিনি ঢাকা কলেজ থেকে হিসাববিজ্ঞানে মাস্টার্স সম্পন্ন করে সাংবাদিকতা পেশাকেই ক্যারিয়ার জীবনের প্রধান পেশা হিসেবে বেছে নিয়েছেন। আঞ্চলিক পত্রিকা দিয়ে সাংবাদিকতা শুরু করে জাতীয় পর্যায়ে যুক্ত ছিলেন সাপ্তাহিক, অনলাইন ও জাতীয় দৈনিক পত্রিকায়। তথ্যের সন্ধানে ছুটে গেছেন মফস্সল থেকে যুক্তরাষ্ট্রে। পেশাগত কাজে ভ্রমণ করেছেন যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, থাইল্যান্ড এবং ভারতসহ বিভিন্ন দেশ। ব্যাংকিং ও বিমা ব্যবসায়ের নানা অনিয়ম ও দুর্নীতির প্রতিবেদন প্রকাশ করার পাশাপাশি এ খাতের উন্নয়নের নানা প্রতিবেদন প্রকাশ করে অর্থনৈতিক খাতের ডাটা সাংবাদিকতাকেই বেছে নিয়েছেন তিনি। অর্থনৈতিক সাংবাদিকতায় বিশেষ অবদান রাখায় দেশে-বিদেশে সম্মাননাও পেয়েছেন তরুণ এই সাংবাদিক।

শাহীন হাওলাদার বর্তমানে ইংরেজি দৈনিক দ্যা বিজনেস পোস্টের নিজস্ব প্রতিবেদক হিসেবে কর্মরত রয়েছেন। তিনি বিশ্বের পেশাদার সাংবাদিকদের বৃহৎ সংগঠন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ভিত্তিক প্রতিষ্ঠান ন্যাশনাল প্রেস ক্লাব এর সদস্য। একই সাথে তিনি বাংলাদেশের পেশাদার সাংবাদিকদের বৃহৎ সংগঠন ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)'র স্থায়ী সদস্য। এছাড়াও তিনি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক ও আঞ্চলিক সাংবাদিক সংগঠনের সাথে যুক্ত রয়েছেন। শাহীন হাওলাদার এক সন্তানের জনক। স্ত্রী মরিয়মকে নিয়ে তাঁর পারিবারিক জীবন।

ISBN 978 984 98362 0 9





Banking Reporter Kola-Qoushal
by Shahin Howlader

Cover Design : Jakir Hossain
Anindya Prokash
https://anindyaprokash.com

অনিন্দ্য প্রকাশ
ISBN 978 984 98362 0 9

ব্যাংকিং রিপোর্টের কলা-কৌশল • শাহীন হাওলাদার

শাহীন হাওলাদার

# ব্যাংকিং রিপোর্টের কলা-কৌশল





'ব্যাংকিং রিপোর্টের কলা-কৌশল' বইটি বিশটি অধ্যায়ে বিভক্ত। অর্থনৈতিক সাংবাদিকতা পেশায় নিয়োজিত থেকে ব্যাংকিং খাতের নানা অনিয়ম ও দুর্নীতির প্রতিবেদন দিয়ে কিভাবে সংবাদপত্রে প্রতিবেদন প্রকাশ করতে হয় পাশাপাশি ব্যাংকের ডাটা সংগ্রহ, আর্থিক প্রতিবেদন বিশ্লেষণ করে কিভাবে ব্যাংকিং খাতের প্রতিবেদেন তৈরি করতে হয় লেখক এ বইটিতে তার যথাযথ নির্দেশনা দিয়েছেন।

লেখক এ বইয়ের প্রথম দিকে  প্রতিবেদন কি এবং ব্যাংকের ডাটা বা তথ্য কিভাবে সংগ্রহ করতে হয় এবং সংগ্রীহিত তথ্যের ভিত্তিতে কিভাবে ব্যাংকিং খাতের প্রতিবেদন তৈরি করতে হয় তা তিনি উল্লেখ করেছেন। এরপর ধারাবাহিকভাবে মানিটারি পলিসি, বৈদেশিক মুদ্রার রিজার্ভ, রেমিট্যান্স, ব্যাংকের তারল্য সংকট, ফরেন  ইনভ্যাশস্টম্যান্ট, খেলাপি ঋণ, মুলধন ঘাটতি ও প্রভিশন ঘাটতিসহ ব্যাংকিং খাতের নানা বিষয় নিয়ে কি কি প্রতিবেদন হতে পারে এবং এসব প্রতিবেদন কিভাবে পত্রিকায় সংবাদ আকারে প্রকাশ করতে হয় তা অত্যন্ত সুন্দর ও সাবলিল ভাষায় লেখক এ বইতে তুলে ধরেছেন।

প্রচ্ছদ : জাকির হোসেন